ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং#২৩-২৬, রোড নং#৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

নং-৪৬.১০.০০০০.০০৫.১১.১১০.২৩ - ০৯৫

তারিখ: ২৫ পৌষ ১৪৩০ / ০৯ জানুয়ারি ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ১৯ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০০২.১৮-১৪১১ নম্বর স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ অনুসারে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় অস্থায়ীভাবে নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | বেতন স্কেল (২০১৫) | নিয়োগ যোগ্যতা | জেলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | বাগান তত্ত্বাবধায়ক | ০২ | ১৮ বছর হতে ৩০ বৎসর | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড- ১৪) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বা উদ্ভিদ বিজ্ঞানবিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) বাগান রক্ষণাবেক্ষণ কার্যে অভিজ্ঞতা। | সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। প্রচলিত জেলা কোটা যথাযথ ভাবে অনুসরণ করা হবে। |

শর্তাবলি-

১. ১১/০১/২০২৪খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর এর মধ্যে থাকতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করতে হবে। অনুমতিপত্র আবেদনপত্রের সহিত জমা দিতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. আগামী ১১ জানুয়ারি, ২০২৪খ্রিঃ সকাল ৯:০০ ঘটিকা হতে আগামী ২৫ জানুয়ারি, ২০২৪খ্রিঃ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট নং- ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা ঠিকানায় ডাকযোগে অথবা সরাসরি আবেদনপত্র পৌঁছাতে হবে। কেবল নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ চাকরির নির্ধারিত ফরমে আবেদন দাখিল করবেন। যা ডিএনসিসি'র ওয়েবসাইটে www.dncc.gov.bd এ প্রকাশিত রয়েছে।

৪. দরখাস্তের সাথে প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা, নাগরিক সনদ, জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা, চারিত্রিক ও প্রশিক্ষণ সনদপত্র (যদি থাকে) এবং সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের রঙ্গিণ ছবি সংযুক্ত করতে হবে। খামের উপর আবেদনকৃত পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

৫. "মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন" এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক থেকে ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

৬. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যেকোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় দাখিলকৃত কাগজপত্রের মূলকপি আবশ্যই প্রদর্শন করতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

৭. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার প্রবেশপত্র ইস্যু করতে বাধ্য থাকবে না। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখসহ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ডিএনসিসি'র ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৭/০২/২৪

মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব (যুগ্মসচিব)
ফোন-৮৮৩৪৯৩০
secretary@dncc.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় প্রধান (সকল)......................................................, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল..........., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৩। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি কমপক্ষে ০৩ (তিন)টি (২টি বাংলা ও ১টি ইংরেজি) বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।

৬। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৯। অফিস কপি।

# চাকুরীর আবেদন ফরম

৫×৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা, দুই কপি)
১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | | | ৬. জন্মস্থান (জেলা) : | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | | | মাস | | | দিন | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: দি ন মা স ব ৎ স র | | |
| ২০. | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | | প্রার্থীর স্বাক্ষর |